## মন্ত্রিপরিষদ বিভাগের আওতায় ২০১২-২০১৩ অর্থ বছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের উপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সা-সংক্ষেপ

| ক্রঃ নং | মন্ত্রণালয়ের নাম | মোট সমাপ্ত প্রকল্পের নাম | সমাপ্ত প্রকল্পের ধরণ | | | মূল সময় ও ব্যয়ের তুলনায় | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বিনিয়োগ প্রকল্প | কারিগরি সহায়তা প্রকল্প | জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা | সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচচ | ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচচ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | মন্ত্রিপরিষদ বিভাগ | ১ | - | ১ | - | - | - | - | - | - |

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা ঃ ১

২। সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মেয়াদকাল ঃ ২৫.৬৩ লক্ষ টাকা, অক্টোবর, ২০১২ হতে জুন, ২০১৩

৩। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ ঃ -

৪। সমাপ্তকৃত প্রকল্পের বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ

| সমস্যা | | সুপারিশ | |
|---|---|---|---|
| ৪.১ | অর্থ ছাড়ে বিলম্ব হওয়া: | ৪.১ | অর্থ ছাড় এবং অর্থ ব্যয় এর ব্যাপারে প্রকল্প কর্তৃপক্ষকে সব সময় সচেষ্ট থাকতে হবে। অন্যান্য প্রকল্পের ক্ষেত্রে যেন অর্থ ছাড় ও অর্থ ব্যয়ে বিলম্ব না ঘটে এবং প্রকল্প বাস্তবানে প্রতিবন্ধকতা সৃষ্টি না হয় সে দিকে প্রকল্প কর্তৃপক্ষকে লক্ষ্য রাখতে হবে; |
| ৪.২ | টিপিপি অনুসারে ক্রয় কার্যক্রম পরিচালিত না হওয়া: | ৪.২ | ভবিষ্যতে গৃহীতব্য প্রকল্পের আওতায় ক্রয় কার্যক্রম যথাসময়ে পরিচালনা করতে হবে ; |
| ৪.৩ | প্রকল্প ব্যবস্থাপনায় দুর্বলতা: | ৪.৩ | টিপিপি'র প্রস্তাবিত ৭০০.০০ লক্ষ টাকা মধ্যে কেন মাত্র ২৫.৬৩ লক্ষ টাকা ব্যয় করে প্রকল্প সমাপ্ত ঘোষণা করা হয়েছে এবং পরবর্তীতে কেন বৃহত্তর বিনিয়োগ প্রকল্প গ্রহণ করা যায়নি সে ব্যাপারে সংশ্লিষ্ট বিভাগ বিষয়টি খতিয়ে দেখবে। ভবিষ্যতে অভিজ্ঞ ও যথোপযুক্ত কর্মকর্তাদের প্রকল্প পরিচালকের দায়িত্ব অর্পণ করা যেতে পারে ; |
| ৪.৪ | নিয়মিতভাবে প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা অনুষ্ঠিত না হওয়া : | ৪.৪ | নিয়মিতভাবে প্রকল্পের বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে ; |
| ৪.৫ | অডিট সম্পন্ন না হওয়া: | ৪.৫ | প্রকল্পটির অডিট যথাশিঘ্র সম্পন্ন করতে হবে; |

# Preparatory Activities to Develop and Implement Enabling Open Government Prject (EOGP) (কারিগরী সহায়তা প্রকল্প)

(সমাপ্ত ঃ জুন, ২০১৩ খ্রিঃ )

| | | | |
|---|---|---|---|
| ১। | **প্রকল্পের নাম** | ঃ | Preparatory Activities to Develop and Implement Enabling Open Government Prject (EOGP) (কারিগরী সহায়তা প্রকল্প) |
| ২। | **প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ** | ঃ | মন্ত্রিপরিষদ বিভাগ |
| ৩। | **বাস্তবায়নকারী সংস্থা** | ঃ | মন্ত্রিপরিষদ বিভাগ |
| ৪। | **প্রকল্পের অবস্থান** | ঃ | ঢাকা |

**৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় ঃ**

**(লক্ষ টাকা)**

| **প্রাক্কলিত ব্যয়** | | **প্রকৃত ব্যয়** | **পরিকল্পিত বাস্তবায়নকাল** | | **প্রকৃত বাস্তবায়ন কাল** | **অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)** | **অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)** |
|---|---|---|---|---|---|---|---|
| **মূল** | **সর্বশেষ সংশোধিত** | | **মূল** | **সর্বশেষ সংশোধিত** | | | |
| ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ৭০০.০০ | - | ২৫.৬৩ | অক্টোবর, ২০১২ হতে জুন, ২০১৩ | - | অক্টোবর, ২০১২ হতে জুন, ২০১৩ | - | - |

৬। **প্রকল্প সাহায্যের উৎস ও ধরণ** : আইডিএ ( বিশ্ব ব্যাংক), অনুদান/ঋণ

৭। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন ঃ**

প্রকল্পের অনুমোদিত টিপিপি অনুযায়ী কাজের সংস্থান এবং PCR এ প্রদর্শিত প্রাপ্ত তথ্যানুযায়ী জুন, ২০১৩ সময় পর্যন্ত প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতি (আর্থিক ও বাস্তব) বিবরণ নীচের সারণীতে প্রদর্শিত হলো ঃ

(লক্ষ টাকায়)

| ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|
| | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| **(a) Revenue Component** | | | | | |
| 1. Salary of Support Staff | | ৫.০০ | - | - | - |
| 2. Allowances | | ৫.০০ | - | ১.৮৯ (৩৭.৮০) | - |
| 3. Travel Cost | | ৫.০০ | - | - | - |
| 4. Printing Reports & Communication | | ৩.০০ | - | - | - |

| ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|
| | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| 5. Regional Study Visit | | ৮০.০০ | - | - | - |
| 6. Workshops, Training/Seminar & Conference | | ২৫.০০ | | | |
| 7. Consultancy | | | | | |
| a) International | | ১৯২.০০ | - | - | - |
| b) National | | ২১৬.০০ | - | ১৬.৪৩ (৭.৬০) | - |
| 8. Surveys | | ১০.০০ | - | - | - |
| 9. Vehicle Hiring | | ১৫.০০ | | | |
| 10. Others Administrative & Supports Cost | | ৯৮.০০ | | ১.৬৩ (১.৬৬) | |
| **(b) Capital Component** | | | | | |
| 1.Office Equipment | সংখ্যা | ৩৮.০০ | Photocopier-2, ICT equipment থোক | ৫.২৭ (১৩.৮৬) | Photocopier-1, ICT equipment Color Printer-01, Projector-01, Scanner-2, Offline UPS-04 |
| 2. Office Furniture | „ | ৮.০০ | থোক | ০.৪০ (৫.০০) | থোক |
| Total | | ৭০০.০০ | | ২৫.৬৩ (৩.৬৬%) | |

৮। **সার্বিক বাস্তবায়ন অগ্রগতি ঃ** সম্পূর্ণ বৈদেশিক অর্থায়নে প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৭০০.০০ লক্ষ টাকার বিপরীতে ক্রমপুঞ্জিত ব্যয়ের পরিমাণ ২৫.৬৩ লক্ষ টাকা যা মোট ব্যয়ের ৩.৬৬%।

৯। প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন পদ্ধতি ঃ
আলোচ্য প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নলিখিত বিষয়/পদ্ধতি অনুসৃত হয়েছেঃ

- ✓ প্রকল্পের টিপিপি পর্যালোচনা;
- ✓ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- ✓ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের 'প্রকল্প সমাপ্তি প্রতিবেদন' এর তথ্য পর্যালোচনা;
- ✓ প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা;
- ✓ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

**১০. প্রকল্পের পটভূমি ঃ**

সুশাসন প্রতিষ্ঠা এবং নাগরিক সেবা উন্নয়নের লক্ষ্যে সরকারি কর্মকান্ডে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার এবং তথ্য অধিকার আইন অনুযায়ী নাগরিকগণের তথ্যের অধিকারকে অধিকতর সংহত করার নিমিত্ত Enabling Open Governmnet শীর্ষক কর্মসূচী বাস্তবায়নে সহায়তা প্রদান করতে বিশ্বব্যাংক সম্মত হওয়ার প্রেক্ষাপটে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

**১১। প্রকল্পের উদ্দেশ্য ঃ**

প্রয়োজনীয় প্রস্তুতিমূলক এ কারিগরী সহায়তা প্রদান এর মাধ্যমে নতুন প্রকল্প গ্রহণ করার লক্ষ্যে নিম্নোক্ত উদ্দেশ্য নির্ধারণ করা হয়েছে:

- তথ্য প্রযুক্তি ব্যবহার করে সেবার মান বৃদ্ধি;
- তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নের মাধ্যমে তথ্য সেবা নিশ্চিত করা।

**১২। প্রকল্পের অনুমোদন ও সংশোধন অবস্থা ঃ**

প্রকল্পটি অক্টোবর, ২০১২ থেকে জুন, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে সম্পূর্ণ বৈদেশিক অর্থায়নে ৭০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়।

**১৩। বরাদ্দ ও ব্যয় বিভাজন ঃ**

মন্ত্রণালয় হতে প্রাপ্ত পিসিআর এর ভিত্তিতে প্রকল্পের মূল টিপিপিতে আর্থিক ও বাস্তব লক্ষ্যমাত্রা এবং অর্জিত আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে প্রদর্শন করা হলো ঃ

( লক্ষ টাকায়)

| অর্থ বছর | মূল টিপিপি অনুযায়ী আর্থিক ও বাস্তব লক্ষমাত্রা | | | | অর্জিত অগ্রগতি | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রকল্প সাহায্য | বাস্তব % | মোট | টাকা | প্রকল্প সাহায্য | বাস্তব % |
| ২০১২-২০১৩ | ৭০০.০০ | - | ৭০০.০০ | ১০০% | ২৫.৬৩ | - | ২৫.৬৩ | ৩.৬৬% |

ছকটি পর্যালোচনা করে দেখা যায় যে, মূল টিপিপিতে ৭০০.০০ লক্ষ টাকা (১০০%) লক্ষ্যমাত্রা থাকলেও বাস্তবে অত্র প্রকল্প সমাপ্ত পর্যন্ত আর্থিক অগ্রগতি ২৫.৬৩ লক্ষ টাকা (৩.৬৬%)।

**১৪। প্রকল্পের ব্যবস্থাপনা ঃ**

জনাব মোঃ নজরুল ইসলাম, অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ গত ১৭.১১.২০১১ তারিখ হতে প্রকল্প সমাপ্ত পর্যন্ত এ প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন।

**১৫। ক্রয় সংক্রান্ত তথ্যাদি:**

অত্র প্রকল্পের আওতায় সেবা ক্রয়ের ক্ষেত্রে স্থানীয় পরমর্শক খাতে ১৬.৪৩ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। এছাড়াও ৫.২৭ লক্ষ টাকা ব্যয়ে একটি ফটোকপিয়ার, একটি কালার প্রিন্টার, একটি প্রজেক্টর, দু'টি স্ক্যানার ও চারটি ইউপিএস ক্রয় করা হয়েছে যা ক্রয় সংক্রান্ত বিধি প্রতিপালন করে সম্পন্ন করা হয়েছে মর্মে অবহিত করা হয়েছে।

**১৬। প্রকল্পের উদ্দেশ্য অর্জন ঃ**

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জন |
|---|---|
| বৃহত্তর বিনিয়োগ প্রকল্প গ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতিমূলক সহায়তা প্রদান এর মাধ্যমে নতুন প্রকল্প গ্রহণ করত: নিম্নোক্ত উদ্দেশ্য অর্জন:<br>• তথ্য প্রযুক্তি ব্যবহার করে সেবার মান বৃদ্ধি;<br>• তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নের মাধ্যমে তথ্য সেবা নিশ্চিত করা। | বৃহত্তর বিনিয়োগ প্রকল্প গ্রহণ করা সম্ভব হয়নি। তবে অত্র টিএ প্রকল্পের আওতায় সংক্ষিপ্ত আকারে জাতীয় রাজস্ব বোর্ডের জন্য ভ্যাট অটোমেশন প্রকল্প গ্রহণে প্রকল্প দলিল প্রস্তুত করে দেয়া হয়েছে। |

**১৭। সমস্যা ঃ**

১৭.১ <u>অর্থ ছাড়ে বিলম্ব হওয়া:</u>

প্রকল্পটি অক্টোবর, ২০১২ তে শুরু হলেও দাতা সংস্থা কর্তৃক গত ৩১ মার্চ, ২০১৩ তারিখে প্রথম কিস্তি হিসেবে ৮০.০০ লক্ষ টাকা ছাড় করে। দীর্ঘ ০৬ মাস অতিবাহিত হওয়ার পর অর্থ ছাড় হওয়ায় প্রকল্পের আওতায় অর্থ ব্যয়ে বিলম্ব ঘটে

যা প্রকল্প বাস্তবানে প্রতিবন্ধকতা সৃষ্টি করে;

১৭.২ <u>টিপিপি অনুসারে ক্রয় কার্যক্রম পরিচালিত না হওয়া:</u>

অত্র প্রকল্পের আওতায় ০৫টি প্যাকেজের অধীন পণ্য ক্রয়, ১৭টি প্যাকেজের অধীন সেবা ক্রয়ের সংস্থান থাকলেও প্রকল্প মেয়াদে বেশীরভাগ ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়নি। ফলে প্রকল্পের আর্থিক ব্যয়ের অগ্রগতি কম হয়েছে;

১৭.৩ <u>প্রকল্প ব্যবস্থাপনায় দুর্বলতা:</u>

অত্র প্রকল্পের আওতায় ১ম কিস্তিতে ৮০.০০ লক্ষ টাকা ছাড়া করা হলেও প্রকল্প সমাপ্তি পর্যন্ত ব্যয় করা হয়েছে মাত্র ২৫.৬৩ লক্ষ টাকা। এছাড়াও, অত্র টিএ প্রকল্পের আওতায় পরবর্তীতে বৃহত্তর বিনিয়োগ প্রকল্প গ্রহণের কথা থাকলেও পরবর্তীতে তা গ্রহণ করা সম্ভব হয়নি। এ ক্ষেত্রে প্রকল্পের উদ্দেশ্য যথাযথভাবে অর্জিত হয়নি।

১৭.৪ <u>নিয়মিতভাবে প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা অনুষ্ঠিত না হওয়া :</u>

অত্র প্রকল্পের টিপিপি অনুসারে প্রতিমাসে ০১ বার বা প্রয়োজন অনুসারে নিয়মিতভাবে পিআইসি কমিটির সভা আয়োজনের কথা থাকলেও প্রকল্প বাস্তবায়ন মেয়াদে তা করা হয়নি;

১৭.৫ <u>অডিট সম্পন্ন না হওয়া:</u>

পিসিআর এর তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, অত্র প্রকল্পের কোন অডিট সম্পন্ন করা হয়নি। প্রকল্পের অর্থ ব্যয়ের স্বচ্ছতার স্বার্থে দ্রুত অডিট সম্পন্ন করতে হবে।

**১৮। সুপারিশ ঃ**

১৮.১ অর্থ ছাড় এবং অর্থ ব্যয় এর ব্যাপারে প্রকল্প কর্তৃপক্ষকে সব সময় সচেষ্ট থাকতে হবে। অন্যান্য প্রকল্পের ক্ষেত্রে যেন অর্থ ছাড় ও অর্থ ব্যয়ে বিলম্ব না ঘটে এবং প্রকল্প বাস্তবানে প্রতিবন্ধকতা সৃষ্টি না হয় সে দিকে প্রকল্প কর্তৃপক্ষকে লক্ষ্য রাখতে হবে (অনু: ১৭.১);

১৮.২ ভবিষ্যতে গৃহীতব্য প্রকল্পের আওতায় ক্রয় কার্যক্রম যথাসময়ে পরিচালনা করতে হবে (অনু: ১৭.২) ;

১৮.৩ টিপিপি'র প্রস্তাবিত ৭০০.০০ লক্ষ টাকা মধ্যে কেন মাত্র ২৫.৬৩ লক্ষ টাকা ব্যয় করে প্রকল্প সমাপ্ত ঘোষণা করা হয়েছে এবং পরবর্তীতে কেন বৃহত্তর বিনিয়োগ প্রকল্প গ্রহণ করা যায়নি সে ব্যাপারে সংশ্লিষ্ট বিভাগ বিষয়টি খতিয়ে দেখবে। ভবিষ্যতে অভিজ্ঞ ও যথোপযুক্ত কর্মকর্তাদের প্রকল্প পরিচালকের দায়িত্ব অর্পণ করা যেতে পারে (অনু: ১৭.৩);

১৮.৪ নিয়মিতভাবে প্রকল্পের বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে (অনু: ১৭.৪);

১৮.৫ প্রকল্পটির অডিট যথাশিঘ্র সম্পন্ন করতে হবে (অনু: ১৭.৫); এবং

১৮.৫ উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী (অনুচ্ছেদ ১৭.১ থেকে ১৭.৫ পর্যন্ত) গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।